

ভারত বাংলাদেশের দ্বিপাক্ষিক সহযোগিতার লক্ষ্যে কলকাতা-ঢাকা আলোচনা সভা

কলকাতা, ২৬ মার্চ : বন্ধন কোম্পানির গবেষণা শাখা এইচ.পি. ঘোষ রিসার্চ সেন্টার, কেন্দ্রীয় বিদেশ মন্ত্রকের সহায়তায়, আয়োজন করেছিল কলকাতা-ঢাকা মতবিনিময় সভার। এই আলোচনা সভায় দুই দেশের মাননীয় সদস্যরা উপস্থিত ছিলেন। ভারতীয় বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব অনুপম রায়, বাংলাদেশের প্রধানমন্ত্রীর বৈদেশিক নীতি উপদেষ্টা ডঃ গওহর রিজভী ও বাংলাদেশের ডেপুটি হাই কমিশনার তৌফিক হাসান সহ আরও অনেকেই এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন। এই বছরটি

বাংলাদেশের জন্যে একটি বিশেষ বছর। স্বতন্ত্র দেশ হিসেবে বাংলাদেশের আত্মপ্রকাশের ৫০ বছর পূর্ণ হচ্ছে এই বছরে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিশেষ উপলক্ষে বাংলাদেশ সফরে যাবেন তাদের ৫০ বছর পূর্তি উৎসবে সামিল হতে। কলকাতায় আয়োজিত এই মতবিনিময় সভায় দুই দেশের আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সমস্যাগুলি নিয়ে আলোচনা হয়। এছাড়াও, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রেও দ্বিপাক্ষিক সহযোগিতার বিষয়গুলি নিয়ে আলোচনা করা হয়।